**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৬.১০.২০২৩
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫৩

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ**

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান মো: আলী আহসান সুমন, চেয়ারম্যান, ০৪ নং সিংহের বাংলা ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা গত ০৮ অক্টোবর ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন এবং বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ, চেয়ারম্যান, ১০ নং রৌহা ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন। তাদের মৃত্যুতে উপজেলা পরিষদের সকল সদস্য ও কর্মকর্তা-কর্মচারী গভীরভাবে শোকাহত ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন। শোক প্রস্তাব আনয়ন করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী এর প্রতিনিধি সভায় জানান এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অধিকাংশ ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। তিনি যেসকল ইউনিয়ন পরিষদ এখনও প্রকল্প তালিকা প্রেরণ করেন নাই তাদের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানান।<br><br>তাছাড়া তিনি জানান গ্রামীন রাস্তা আইডিভুক্তি করণের জন্য ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতায় রাস্তার তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা থেকে কোন রাস্তা বাদ পড়েছে কিনা তা যাচাই করার জন্য সভায় অনুরোধ জানান। বাদ পড়ে থাকলে তালিকা প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প তালিকা দ্রুত প্রেরণ করতে হবে।<br><br>(খ) আইডিভুক্ত করার জন্য গ্রামীন রাস্তার তালিকা দ্রুত প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান লক্ষীগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নদীর ভাঙনে ভেঙে গেছে। বাউন্ডারী ওয়াল মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি জানান সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত ওয়াশবন্ধ শিক্ষার্থীদের সুবিধার্থে দুতলায় স্থাপন করার জন্য অনুরোধ জানান।<br><br>উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান তাদের ইউনিয়নের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বিদ্যালয়ে যথাসময়ে উপস্থিত থাকেন না। শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সভায় অনুরোধ জানান। চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি লক্ষীগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন নিলামে বিক্রির জন্য অনুরোধ জানান।<br><br>তাছাড়া সকল ইউপি চেয়ারম্যানগণকে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন খাতায় প্রতিবেদন লিখার জন্য সভায় আলোচনা হয়। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) লক্ষীগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন নিলামে | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(জ) ইউপি চেয়ারম্যানগণকে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঝ) নদী ভাঙ্গনের ফলে বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল ভেঙ্গে গেছে এমন বিদ্যালয়ের তালিকা প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুম রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৭৩০ হে: উফশী-১৮০১০ হে: স্থানীয়-৪১০ হে: মোট ১৯১৫০ হে:। রোপা আমন আবাদ অর্জিত হাইব্রিড ৮০০ হে: ও উফশী ১৮১০০ হে: স্থানীয় ৪০০ হে: মোট ১৯৩০০ হেক্টর আবাদ হয়েছে। রোপা আমন ধানের বর্তমান অবস্থা ভাল। উপসহকারী কৃষি অফিসারগণ বিভিন্ন ফসলের সারের পরিমিত ব্যবহার, পোকা মাকড় ও রোগবালাই দমনের প্রয়োজীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। গত ০৬/১০/২০২৩ তারিখে অতি বৃষ্টির কারণে অত্র উপজেলায় দন্ডায়মান রোপা আমন ধান ২৮২০ হেক্টর এবং সবজি ৫০ হেক্টর ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত জমিতে রবি মৌসুমে সরিষা আবাদের জন্য উপসহকারী কৃষি অফিসারগণ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br><br>তাছাড়া উপজেলা কৃষি অফিসার জানান যে, ২৫/১০/২০২৩ তারিখ পর্যন্ত ইউরিয়া-৪২৫ মে. টন, টিএসপি-১৩০ মে.টন এমওপি ৭৭ মে. টন, ডিএপি-৩৪০ মে. টন মজুদ আছে। অক্টোবর ২০২৩ মাসে রাসায়নিক সার উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ বিসিআইসি ও খুচরা সার বিক্রেতার দোকানে অবস্থান করে কৃষকের মাঝে সরকারের নির্ধারিত মূল্যে সার বিক্রয় মনিটরিং করছে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সকল সার ডিলারের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) আগামী মাস হতে ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৪৩৭১০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৬,৯০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২,৫৩০টি, হাসঁ-মুরগীর চিকিৎসা- ১৮,৬৯১টি এবং কৃত্রিম প্রজনন-৯৯৩ টি। এছাড়াও পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় নেত্রকোণা সদরে আগামী মাসেই শতভাগ ছাগল ভেড়াকে বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান করা হবে। এই বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির গৃহীত প্রকল্প আগামী ১৫ নভেম্বরের মধ্যে বাস্তবায়ন করতে হবে। ২য় পর্যায়ের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। এ উপজেলায় ৫২টি বীর নিবাসের কাজ চলমান রয়েছে। তাছাড়া কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। তাছাড়া তিনি জানান মদনপুর ইউনিয়নে ৫ কি: মি: রাস্তা হেরিংবন্ড রাস্তা নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে এবং নেত্রকোণা সদর উপজেলায় আরো ২৩ কি: মি: হেরিংবন্ড রাস্তা নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণ করেছেন। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ নির্ধারিত তারিখের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

<table>
<tr>
<td>৬.</td>
<td>মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান চলমান রয়েছে। তিনি আরো জানান চলতি বর্ষায় অতিবৃষ্টির কারণে অনেক মৎস্য চাষীর পুকুরের মাছ ভেসে গেছে। ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের ঋনের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সদর উপজেলায় কতটি পুকুরে মৎস্য চাষ করা হচ্ছে তার তালিকা প্রনয়ন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা অনুরোধ জানান। তালিকা অনুযায়ী ০৭/১৫ দিনে একদিন মৎস্য চাষীদের পুকুর সরেজমিন পরিদর্শন করে পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানান।</td>
<td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে সচেনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>৭.</td>
<td>পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ
<table>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>জনসংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা</td><td>ইমপ্ল্যান্ট সংখ্যা</td></tr>
<tr><td>৩৮০</td><td>৯০০</td><td>৬০</td><td>১৮০</td><td>৪০৫০</td></tr>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সে গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table>
চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি জানান তার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। লোকজন সেবা নিতে এসে কষ্ট ভোগ করছে। তিনি বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।</td>
<td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।<br>(ঘ) লক্ষীগঞ্জ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>ডিজিএম পল্লী বিদ্যুত সমিতি, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td>সমাজ সেবা বিভাগ</td>
<td>উপজেলা সমাজসেবা জানান সকল ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হয়েছে। কিন্তু অনেক ভাতাভোগীদের ভেরিফিকেশনের সময় পাওয়া যায়নি। তাই তাদের ভাতা স্থগিত রাখা হবে। এবিষয়ে উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ আরেকবার একটি তারিখ নির্ধারণ করে স্ব স্ব ইউনিয়ন পরিষদে লাইভ ভেরিফিকেশন করার জন্য অনুরোধ জানান। যেসকল উপকারভোগীদের পাওয়া যায়নি তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য চেষ্টা করা হবে । এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।</td>
<td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হব।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিভিন্ন ভাতাভোগী মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থাপন করতে হবে।<br>(ঘ) বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত অনলাইনে আবেদনের বিষয়টি বহুল প্রচার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমাজ সেবা অফিসার সদর নেত্রকোণা চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
</table>

CS CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>(ঙ) বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের স্ব স্ব ইউনিয়ন পরিষদে লাইভ ভেরিফিকেশনের তারিখ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>৯.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ চক্রের অক্টোবর/২০২৩ মাসের ভিডব্লিউবি নেত্রকোণা সদর উপজেলার ডিও জারী করা হয়েছে। ২০২১-২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজলার ১২টি ইউনিয়ন ও নেত্রকোণা পৌরসভার ভাতাভোগীদের জুলাই/২০২৩ হতে জুন/২০২৪ পর্যন্ত জিটুপ সিস্টেম ভাতা বিতরণ অব্যাহত আছে। নেত্রকোণা সদর উপজেলার মা ও শিশু সহায়তা কর্মসূচির জুলাই/২৩- জুন/২৪ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত নীতিমালার আলোকে অনলাইনে আবেদন করতে পারবেন। তিনি আরো জানান নেত্রকোণা সদর উপজেলায় ১২টি ইউনিয়নে ১২টি কিশোর-কিশোরী ক্লাব চালু আছে। সকল ইউপি চেয়ারম্যানকে ক্লাবগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া 'জয়ীতা অন্বেষণে বাংলাদেশ' পুরস্কার প্রদানের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। এ বিষয়ে মহিলা বিষয়ক কার্যালয় হতে আবেদন সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>(ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কর্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সকল ইউনিয়ন থেকে গভীর নলকূপের তালিকা পাওয়া গেছে। যথাশীঘ্রই টেন্ডার প্রক্রিয়া গ্রহণ করা হবে।<br><br>চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ জানান তার ইউনিয়নে একটি নলকূপ নষ্ট হয়ে গেছে। নলকূপটি মেরামত করার জন্য সভায় অনুরোধ জানান।</td><td>নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প- অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৬৮৬৩জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.১৭লক্ষ</td><td>৯১.১৪ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৩০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৮.০০ লক্ষ</td><td>১৯৫৫.৬৩ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৪.০৬ লক্ষ</td><td>১৫৬৪.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>৭টি</td><td>৪৮ টি</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর,</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ১৪০ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। অডিট সম্পাদনের হার ১০০%। ২০২২-২০২৩ সনে ৭৮৭৬/-টাকা ভ্যাটসহ অডিট ফি ধার্য করা হয়েছে। আদায় করা হয়েছে ৭৮৭৬/- আদায়ের হার ১০০%। ২০২২-২০২৩ সনে সমবায় তহবিল ধার্য্য করা হয় ২০৮৬/-টাকা তারমধ্যে আদায় হয়েছে ২০৮৬/- টাকা। আদায়ের হার ১০০%। হাতকুন্ডলী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য (ঘূর্ণায়মান)২১,৩৮,০০০/- টাকা। এ মাসে আদায় ৩২০০/-টাকা। মালনী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ১৪,০৬,৫০০/- টাকা। এ মাসে আদায় ৪৭১০/-টাকা। তাছাড়া মুবিবর্ষ উপলক্ষ্যে নির্মিত আশ্রয়ন প্রকল্পে ০২টি সমিতি গঠন করা হয়েছে।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কোন কার্ডধারী মৃত্যুবরণ করলে তাদের স্থানান্তর করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ জানান তার ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ০২ জন ডিলার আছে। তারা অধিকাংশ কার্ডধারীদের চাল যথাযথভাবে দেয়া না। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।</td><td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওমএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। সেপ্টেম্বর/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>২,৯৭,৩৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>৮,৪০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৩৮,৫২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৩০,৮৭,৫৮৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৭,৩৩,৯৭৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>২৮৯০/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>২৬,৮১০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৬২ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৪৮ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩৩ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৬০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৮৫৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>২৫ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৫৫ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, পুরাতন উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মোবাইল নম্বর, ব্যাংক একাউন্ট সংশোধন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং জেলা শিক্ষা অফিসে প্রেরণ, বন্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়ছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td><td>(ক) প্রতি মাসে ০৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সেপ্টেম্বর ২০২৩ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।<br><table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>বিতরণের পরিমান</th><th>আদায় যোগ্য</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>২১৫৫০০০</td><td>২৯,৪৩,৬৩০</td><td>২৮৯৭৩৬৩</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১১৩০০০০</td><td>১৯২৫০০০</td><td>১৮৭৫৩৪৪</td><td>৯৭%</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>৩০,০০০০</td><td>১৯২৪০৩৯</td><td>১৭৯৫৪৯০</td><td>৯৩%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>২৬,০০,০০০</td><td>০</td><td>০</td><td>১০০%</td></tr>
</table></td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উদ্ধর্তন উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৫১৩২ জন, চলতি সঞ্চয় জমা ৩.০৫ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৩৬.১১ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২৬,৯৬৯ জন, মাসে ঋণ বিতরণ ৩৯.০৫ লক্ষ টাকা, চলতি মাসে ঋণের কিস্তি আদ ৩৯.৯৭ লক্ষ টাকা, মোট আদায়-৪২৪২.৭০ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। মোট তহবিল .২৪ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। ডেঙ্গু মশা প্রতিরোধে বাসা-বাড়ী ও প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ জানান। তাছাড়া তিনি সকল ইউপি চেয়ারম্যানকে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করার জন্য অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান, আমতলা ইউপি জানান তার ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক ময়লা ও আবর্জনার ভরপুর। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান।<br><br>চেয়ারম্যান, কে-গাতী ইউপি জানান তার ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে কুঠুরীকোণা কমিউনিটি ক্লিনিকটি দীর্ঘদিন যাবত বন্ধ রয়েছে। ফলে জনগণ সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। তিনি উক্ত কমিউনিটি ক্লিনিকটিতে স্বাস্থ্যসেবা কার্যক্রম চালু রাখার জন্য অনুরোধ জানান। তাছাড়া আরো ০২টি কমিনিউটি ক্লিনিকে সময়মত কমিউনিটি সার্ভিস প্রোভাইডার আসেন না।<br><br>চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউপি জানান ঠাকুরাকোণা কমিউনিটি ক্লিনিকের কমিউনিটি সার্ভিস প্রোভাইডার যথাসময়ে ক্লিনিকে আসেনা। সেবাগ্রহীতাগণ খুব কষ্ট ভোগ করছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br><br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সেপ্টেম্বর-২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ
<table>
<tr><td colspan="12">বাস্তবায়ন/অর্জন</td></tr>
<tr><td>বিসিজি</td><td colspan="5">পেন্টাভ্যালেন্ট</td><td colspan="3">পিসিভি</td><td colspan="3">ওপিভি</td></tr>
<tr><td>৫৯০</td><td>১ম</td><td>২য়</td><td colspan="3">৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>ভি-এ</td></tr>
<tr><td></td><td>২১৫</td><td>১৫৫</td><td colspan="3">১৫০</td><td>৫৭৪</td><td>৬০৭</td><td>৫৯৮</td><td>৫৭৪</td><td>৬০৭</td><td>৫৯৮</td><td></td></tr>
<tr><td></td><td colspan="6">এফআইপিভি</td><td>১ম</td><td>২য়</td><td>১ম</td><td>২য়</td><td></td><td></td></tr>
<tr><td></td><td colspan="6">টিটি টিকা</td><td>৫৬৬</td><td>৫৯৪</td><td>৪৭৮</td><td>৪৫২</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td></td></tr>
<tr><td></td><td>৯৬</td><td>৮৮</td><td>৬০</td><td>৬৩</td><td>৭৩</td><td>৩৩৯</td><td>৩৭৯</td><td>৪৩১</td><td>৫০৫</td><td>৫৩০</td><td></td></tr>
</table>
</td>
<td>(ঙ) কে-গাতী ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে কুঠুরীকোণা কমিউনিটি ক্লিনিকটিতে স্বাস্থ্যসেবা কার্যক্রম চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>প্যানেল চেয়ারম্যান রৌহা ইউনিয়ন পরিষদ</td>
<td>তিনি জানান তার ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনের টিন ও অন্যান্য সামগ্রী চুরি হয়ে যচ্ছে। তাই ভবনটি নিলামে বিক্রয়ের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান।</td>
<td>রৌহা ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন অপসারনে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>চেয়ারম্যান মেদনী ইউনিয়ন পরিষদ</td>
<td>তিনি জানান তার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কোন ডাক্তার না থাকায় লোকজন স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে একজন ডাক্তার নিয়োগ দেয়ার জন্য অনুরোধ জানান।</td>
<td>মেদনী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র একজন ডাক্তার নিয়োগ করতে হবে।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td>আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ</td>
<td>উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান।</td>
<td>সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>-</td>
</tr>
<tr>
<td>২৪</td>
<td>জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমেরে তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত অক্টোবর ২০২৩ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়।</td>
<td>জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>২৫</td>
<td>আয় ও ব্যয়ের হিসাব বিবরণী</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৯.২০২৩ তারিখ হতে ৩০.০৯.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৭৮,৩৪,৫৩৩/- টাকা এবং ব্যয় ৫,১৪,৩৫৭/- টাকা। ব্যাংক স্থিতি ১,৮৩,৮২,৬০১/- টাকা।</td>
<td colspan="2">চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>২৬</td>
<td>বিবিধ-১</td>
<td>(ক) উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের আপ্যায়ন বিল, পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি বাবদ ফুলের তোড়া এবং উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ডেঙ্গু মশা ও অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে উপজেলা সকল বাসাবাড়ীর আশ-পাশ-ড্রেন ও আঙ্গিণা পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষায় পর্যাপ্ত লাইট স্থাপনের বিল ও সরকারি কার্যক্রম সম্পাদনের জন্য অফিসে রাউটার স্থাপনের বিল এবং</td>
<td>সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | আনসারদের আনুসঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ২৭. | বিবিধ-২ | (ক) যে সকল অফিসে নিরাপত্তা প্রহরী পদ আছে তাদের দায়িত্ব বন্টন করে তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের অকেজো চেয়ার টেবিল ও অন্যান্য সরঞ্জামাদি নিলামে বিক্রয় করার জন্য সভায় আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কমিটি<br>১। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভাপতি<br>২। প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদস্য সচিব<br>৩। সিএ, উপজেলা পরিষদ সদস্য<br>(খ) উপজেলা ভূমি অফিস, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর বিবিধ মোকদ্দমা নং- ১০০( XXX)২০২২-২০২৩ এর প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-২ শাখার ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৩১. ০০. ০০০০. ০৫১.৩৮ .০১৩. ২৩. ৩১৯ নং স্মারকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা এর ২৯ অক্টোবর ২০২৩ তারিখের ৩১. ৪৫. ৭২০০. ০০৮.৩২.০১৪.১১-২৮৯৯ নং স্মারকে নেত্রকোণা সদর উপজেলাধীন মৌগাতী ইউনিয়নের সাতপাটি মৌজাস্থ বিআরএস ০১ নং খতিয়ানের ৩৯৪ দাগে ০.২৩ একর এবং ৩৯৫ দাগে ০.২১ একর একুনে ০.৪৪ একর ভূমিতে 'মজিয়াটি হাট-বাজার (গরুর বাজার)' স্থাপনের প্রস্তাব অনুমোতি হয়। উক্ত বাজারটি ক্যালেন্ডারভুক্তকরণ এবং হাটবাজার ইজারা ব্যবস্থাপনা নীতিমালা মোতাবেক ইজারা প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(গ) আমতলা, লক্ষীগঞ্জ, কাইলাটী, দক্ষিণ বিশিউড়া ও মদনপুর ইউনিয়ন পরিষদের ০৫ জন মহল্লাদারকে দফাদার পদে পদোন্নতির বিষয়ে পদোন্নতি কমিটির সভার সুপারিশ অনুমোদনের জন্য সভায় আলোচনা হয়। | (ক) যে সকল অফিসে নিরাপত্তা প্রহরী পদ আছে তাদের দায়িত্ব বন্টন করে তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের অকেজো চেয়ার টেবিল ও অন্যান্য সরঞ্জামাদি নিলামে বিক্রয় করার জন্য সভায় কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) 'মজিয়াটি হাট-বাজার (গরুর বাজার)'বাজারটি ক্যালেন্ডার ভুক্তকরণ এবং হাট বাজার ইজারা ব্যবস্থাপনা নীতিমালা মোতাবেক ইজারা প্রদানের জন্য সর্বস্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) আমতলা, লক্ষীগঞ্জ, কাইলাটী, দক্ষিণ বিশিউড়া ও মদনপুর ইউনিয়ন পরিষদের ০৫ জন মহল্লাদারকে দফাদার পদে পদোন্নতির বিষয়ে পদোন্নতি কমিটির সভার সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কর্মকর্তা (সকল)<br>উপজেলা প্রকৌশলী<br>উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১০/২৩

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৯৩৯ তারিখ : ২৬ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান................................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা............................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা

২৬/১০/২৩

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner